



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

নগরীর চট্টেশ্বরী রোডে জহুর-মান্নান চত্বর এর উদ্বোধন করলেন মেয়র

চট্টগ্রাম- ২১ সেপ্টেম্বর ২০১৮

নগরীর বাগমনিরাম ওয়ার্ডস্থ চট্টেশ্বরী রোডে চত্বর উদ্বোধন করা হয়েছে। জেলার সাবেক মন্ত্রী, মহান মুক্তিযুদ্ধের পূর্বাঞ্চলীয় চেয়ারম্যান জহুর আহমদ চৌধুরী ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, আওয়ামীলীগ'র উপদেষ্টা মন্ডলীর সদস্য, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগ'র সাবেক সভাপতি, মন্ত্রী মরহুম এম এ মান্নান স্মরণে এ চত্বরটি নাম করন করা হয়। আজ শুক্রবার সকালে ফিতা কেটে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় মহানগর আওয়ামীলীগ ভারপ্রাপ্ত সভাপতি, বীর মুক্তিযোদ্ধা মাহতাব উদ্দিন চৌধুরী, সিডিএ এর চেয়ারম্যান আবদুস ছালাম, প্যানেল মেয়র ও কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, শৈবাল দাশ সুমন, রাজনীতিক সুনিল সরকার, সফর আলী, শেখ মাহমুদ ইসহাক, আবদুল লতিফ টিপু, আবুল বাশার, মোর্শেদুল আলম সহ বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এ চত্বর উদ্বোধনকালে এক সুধিসমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জহুর মান্নান চত্বর এর স্পন্সর এপিক প্রপার্টিজ এর চেয়ারম্যান প্রকৌশলী এস এম লোকমান কবির।

উদ্বোধনকালে সিটি মেয়র বলেন, এ নগরে এতদিন যাবত পরিকল্পিত উন্নয়ন হয়নি। শহরের গুণি ও বরেন্য জনদের নামে সড়ক কিংবা কোন চত্বর ছিলনা। তাই বর্তমান প্রজন্ম এসব গুণি ব্যক্তিদের সম্পর্কে জানারও সুযোগ ছিল না। বর্তমান সরকার মুক্তিযুদ্ধের সরকার। মুক্তিযুদ্ধাদের অবদান আগামী প্রজন্মের কাছে তুলে ধরতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নানা পরিকল্পনা গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় আমি দায়িত্ব নেয়ার পর থেকে নগরীর প্রধান প্রধান সড়কদ্বীপ, চত্বর সমূহে নতুন আঙ্গিকে সাজানোর প্রয়াস চালিয়ে যাচ্ছি। মেয়র বলেন, চট্টগ্রাম নগরীকে বিশ্বমানের, পরিবেশ বান্ধব, পরিচ্ছন্ন ও সৌন্দর্যমন্ডিত নগরীতে পরিণত করতে চাই। এ জন্য নিজেদের কার্যক্রমের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাদেরও সুযোগ দেয়া হচ্ছে। তিনি নগরীর গুরুত্বপূর্ণ মোড় ও সড়কদ্বীপসমূহের সৌন্দর্য বর্ধন কাজে বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসার আহবান জানান। মেয়র এ জহুর-মান্নান চত্বর থেকে নতুন প্রজন্ম নতুন করে তাঁদের সম্পর্কে ধারণা লাভ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

জহুর-মান্নান চত্বর উদ্বোধন পূর্বে এম এ মান্নানের কবরে চসিকের পক্ষে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। বাগমনিরমা জামে মসজিদে এ উপলক্ষে আয়োজিত মিলাদ মাহফিলে অংশ নেন সিটি মেয়র।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন